

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১২৭৫

২. সালাত অধ্যায় (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৭. দু'বার চুপ থাকা

بَابِ فِي السَّكْتَتَيْنِ

আরবী

أَخْبَرَنَا عَفَّانُ حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةً عَنْ حُمَيْدٍ عَنْ الْحَسَنِ عَنْ سَمُرَةَ بْنِ جُنْدُبٍ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يَسْكُتُ سَكْتَيْنِ إِذَا دَخَلَ فِي الصَّلَاةِ وَإِذَا فَرَغَ مِنْ الْقِرَاءَةِ فَأَنْكَرَ ذَلِكَ عِمْرَانُ بْنُ حُصَيْنٍ فَكَتَبُوا إِلَى أُبِيّ بْنِ كَعْبِ فَكَتَبَ إِلَيْهِمْ أَنْ قَدْ صَدَقَ سَمُرَةُ قَالَ أَبُو مُحَمَّد كَانَ قَتَادَةُ يَقُولُ ثَلَاثُ سَكَتَاتٍ وَفِي الْحَدِيثِ الْمَرْفُوعِ سَكْتَانٍ وَفِي الْحَدِيثِ الْمَرْفُوعِ سَكْتَانٍ

বাংলা

১২৭৫. সামুরাহ বিন জুনদুব রাদ্বিয়াল্লাভ্ আনভ্ হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাভ্ আলাইহি ওয়া সাল্লাম (সালাতে) দু' দু'বার চুপ থাকতেন: যখন সালাতে প্রবেশ (শুরু) করতেন এবং যখন কিরা'আত পাঠ শেষ করতেন। 'ইমরাণ ইবনু ভুসাইন একথা অস্বীকার করলে তারা উবাই ইবনু কা'ব রা: এর নিকট (ব্যাপারটি) লিখে পাঠালো। জবাবে তিনি তাদেরকে লিখে পাঠালেন যে, সামুরাহ সত্যই বলেছেন।[1] আবু মুহাম্মদ বলেন: কাতাদা তিনবার চুপ থাকার কথা বলতেন এবং মারফু' হাদীসে রয়েছে দু'বার চুপ থাকার কথা।

ফুটনোট

[1] তাহকীক: সনদের রাবীগণ নির্ভরযোগ্য। তবে সামুরাহ হতে হাসানের শ্রবণ করার বিষয়ে বিচ্ছিন্নতা রয়েছে কি-না তা আল্লাহই ভাল জানেন। তবে আমার নিকট অগ্রাধিকারপ্রাপ্ত মত হলো, তিনি তাঁর নিকট কিছু শোনেননি। দেখুন, মু'জামুশ শুয়ূখুল মাউসিলী হাদীস নং ২০২, মাজমাউয যাওয়াইদ নং ২৬৪১ এবং মাওয়ারিদুয যাম'আন এর এ সনদের উপর আমার টীকাগুলি দেখুন।

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি ইবনু হিব্বান নং ১৮০৭; মাওয়ারিদুয যাম'আন নং ৪৪৮।



পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ সামুরাহ ইবনু জুনদুব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন